১০. পাক–ভারত প্রথম যুদ্ধ কত সালে শুরু হয়? [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন কারা তত্ত্বাবধায়ক : ০৫]
ক ১৯৬৫ সালে খ ১৯৬৯ সালে
গ ১৯৬৩ সালে ঘ ১৯৭০ সালে উত্তর: ক

১১. বাংলাদেশের ইতিহাসে নিচের কোন ঘটনাটি প্রথম ঘটেছিল? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১০ - ১১]
ক আওয়ামী লীগের ছয় দফা ঘোষণা খ আগারতলা ষড়যন্ত্র মামলা
গ ভারত-পাকিস্তান যুদ্ধ ঘ উনিশ দফা আন্দোলন উত্তর: গ

| | | | |
|---|---|---|---|
| আওয়ামী লীগের ছয় দফা ঘোষণা | ১৯৬৬ খ্রি. | ভারত-পাকিস্তান যুদ্ধ | ১৯৬৫ খ্রি. |
| আগরতলা ষড়যন্ত্র মামলা | ১৯৬৮ খ্রি. | | |

১২. 'তাসখন্দ চুক্তি' কখন স্বাক্ষরিত হয়? [১৪তম বিসিএস/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০২-০৩]
ক ১৯৬৫ সালের ৬ সেপ্টেম্বর খ ১৯৬৫ সালের ১০ডিসেম্বর
গ ১৯৬৬ সালের ১০ জানুয়ারি ঘ ১৯৬৬ সালের ৩০ জানুয়ারি উত্তর: গ

১৩. তাসখন্দ ঘোষণায় স্বাক্ষরকারী ভারতীয় প্রধানমন্ত্রী কে ছিলেন? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৬-০৭]
ক জওহরলাল নেহেরু খ লাল বাহাদুর শাস্ত্রী
গ মোরারজি দেশাই ঘ ইন্দিরা গান্ধী উত্তর: খ

১৪. ১৯৬৫ সালে যুদ্ধের পর রাশিয়ার মধ্যস্থতায় ভারত ও পাকিস্তানের মধ্যে শান্তি প্রতিষ্ঠিত হয়েছে কোন চুক্তির মাধ্যমে? [মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা : ০৭]
ক সিমলা চুক্তি খ ক্রেমলিন চুক্তি
গ মানবাধিকার চুক্তি ঘ তাসখন্দ চুক্তি উত্তর: ঘ

## ছয়-দফা দাবি (The Six-Points Movement)

১৯৬৬ সালের ৫ ফেব্রুয়ারি লাহোরে বিরোধী দলের একটি সম্মেলন অনুষ্ঠিত হয়। এ সম্মেলনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পূর্ব পাকিস্তানের রাজনৈতিক, অর্থনৈতিক ও প্রতিরক্ষার দাবি সংবলিত একটি কর্মসূচি ঘোষণা করেন। ইতিহাসে এটি ৬ দফা কর্মসূচি নামে পরিচিত। পরবর্তীতে ২৩ মার্চ, ১৯৬৬ লাহোরের এক সংবাদ সম্মেলনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আনুষ্ঠানিকভাবে ৬ দফা ঘোষণা করেন। ছয় দফা কর্মসূচি ঐতিহাসিক 'লাহোর প্রস্তাব' এর ভিত্তিতে রচিত। ছয় দফা দাবির প্রথম দাবি ছিল পূর্ব বাংলার স্বায়ত্তশাসন। ছয় দফা কর্মসূচি বাঙালি জাতির 'মুক্তির সনদ' (Charter of Freedom) বা 'ম্যাগনাকার্টা' হিসাবে পরিচিত।


ঐতিহাসিক ৬ দফা ঘোষণা

## আগরতলা ষড়যন্ত্র মামলা (The Agartala Conspiracy Case)

শেখ মুজিবুর রহমান ও তাঁর সহযোগীরা ভারতের সহায়তায় সশস্ত্র বিপ্লবের মাধ্যমে পূর্ব পাকিস্তানকে পাকিস্তান হতে বিচ্ছিন্ন করার উদ্দেশ্যে ভারতের আগরতলায় ষড়যন্ত্র করেছে, এমন অভিযোগ এনে পশ্চিম পাকিস্তানের শাসকগোষ্ঠী মামলা দায়ের করে। আইয়ুব খানের শাসনামলের এ মামলা 'আগরতলা ষড়যন্ত্র মামলা' নামে পরিচিত। এ মামলার শিরোনাম ছিল 'রাষ্ট্রদ্রোহিতা বনাম শেখ মুজিব ও অন্যান্য'। ১৯৬৮ সালের ১৮ জানুয়ারি ঢাকায় এই মামলা দায়ের করা হয়। এ মামলার মোট আসামী ছিলেন ৩৫ জন এবং প্রধান আসামী ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। আমির হোসেন এ মামলার খবর ফাঁস করে দেন। এ মামলার বিচারকার্যের জন্য তৎকালীন পাকিস্তানের প্রধান বিচারপতি এস.এ.রহমানের নেতৃত্বে ঢাকায় একটি বিশেষ আদালত গঠন করা হয়। ১৯৬৮ সালের ১৯ জুন ঢাকা সেনানিবাসে এ মামলার বিচারকার্য শুরু হয়।

Download More PDF @
www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com




আসাদুজ্জামান


সার্জেন্ট জহুরুল হক


অধ্যাপক শামসুজ্জোহা

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রনেতা আসাদুজ্জামান আসাদ ১৯৬৯ সালের ২০ ই জানুয়ারি ১১ দফা দাবি আদায়ের প্রেক্ষিতে গণ-আন্দোলনের সময় পুলিশের গুলিতে শহীদ হন । আসাদের মৃত্যু গণ-অভ্যুত্থানে এনেছিল নতুন মাত্রা। গণ-আন্দোলনটি তৎকালীন প্রেসিডেন্ট আইয়ুব খানের বিরুদ্ধে হওয়ায় ঢাকাবাসী আসাদের স্মৃতি রক্ষার উদ্দেশ্যে আইয়ুব গেটের নাম পরিবর্তন করে রাখেন আসাদগেট । প্রতিবছর ২০ জানুয়ারি আসাদ দিবস পালিত হয়। ১৯৬৯ সালের ১৫ ফেব্রুয়ারি ঢাকা ক্যান্টনমেন্টে আগরতলা ষড়যন্ত্র মামলার অন্যতম আসামী সার্জেন্ট জহুরুল হক এবং ১৮ ফেব্রুয়ারি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের রসায়নের অধ্যাপক শামসুজ্জোহাকে হত্যার প্রতিবাদে আগরতলা ষড়যন্ত্র মামলার বিরুদ্ধে পূর্ব পাকিস্তানে ব্যাপক গণ-আন্দোলন দেখা দেয়। এই আন্দোলন চলাকালে শহীদ হন নবকুমার ইনস্টিটিউটের ছাত্র মতিউর। নিজের দুর্বল অবস্থান অনুমান করতে পেরে আইয়ুব খান ১৯৬৯ সালের ২২ ফেব্রুয়ারি আগরতলা মামলা প্রত্যাহার এবং বন্দীদের নিঃশর্ত মুক্তি দান করেন। কারামুক্ত শেখ মুজিবুর রহমানকে ২৩ ফেব্রুয়ারি, ১৯৬৯ তৎকালীন রেসকোর্সের ময়দানে (বর্তমান সোহরাওয়ার্দী উদ্যানে) এক বিশাল গণসংবর্ধনা দেয়া হয় এবং ঐ দিনই ছাত্রসংগ্রাম পরিষদের পক্ষ থেকে ছাত্রনেতা তোফায়েল আহমদ তাঁকে 'বঙ্গবন্ধু' উপাধিতে ভূষিত করেন।

## ৬৯ এর গণ অভ্যুত্থান (The Mass Uprising of 1969)



পূর্ব পাকিস্তান ছাত্রলীগ, ছাত্র ইউনিয়নের দুটি গ্রুপ এবং জাতীয় ছাত্র ফেডারেশনের একাংশ নিয়ে ১৯৬৯ সালের ৫ জানুয়ারি একটি সর্বদলীয় 'ছাত্র সংগ্রাম পরিষদ' (Student Action Committee-SAC) গঠিত হয়। জনগণের গণতান্ত্রিক অধিকার আদায়ের লক্ষ্যে এ সংগ্রাম পরিষদ তাদের ১১ দফা কর্মসূচী (11 Point Programme) ঘোষণা করে। আওয়ামী লীগের ৬ দফা কর্মসূচিও এর অন্তর্ভুক্ত করা হয়। ১৯৬৯ সালের ৮ জানুয়ারি অধিকাংশ রাজনৈতিক দলের প্রতিনিধিগণ ঢাকায় মিলিত হয়ে ৮ দফা কর্মসূচীর ভিত্তিতে 'গণতান্ত্রিক সংগ্রাম পরিষদ' (Democratic Action Committee) গঠন করে। ছাত্র সংগ্রাম পরিষদের ১১ দফা এবং ৬ দফার ভিত্তিতে ছাত্র-জনতা ঐক্যবদ্ধ হলে স্বৈরাচারী আইয়ুব সরকারের বিরুদ্ধে প্রচণ্ড গণ-অভ্যুত্থান হয়।

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

## MCQ Solution

১. তদানীন্তন পূর্ব পাকিস্তানের স্বায়ত্তশাসনের জন্য তখনকার বিরোধী দলগুলোর এক সম্মেলনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ছয়-দফা দাবি পেশ করেন। ঐ সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়? [১৮তম বিসিএস/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০২-০৩/ পি.এস.সি সহকারী পরিচালক : ৯৮]

ⓚ ঢাকায় ⓚ নারায়ণগঞ্জে
ⓖ লাহোরে ⓖ করাচিতে উত্তর: গ

২. ছয়-দফা দাবি প্রথম কোথায় উত্থাপন করা হয়? [৩০তম বিসিএস / ২২তম বিসিএস / বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী সচিব : ১৫/জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা : ১৫ / বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান অ্যাসিস্টেন্ট অফিসার : ১৪]

Or,

**Where was Six-point programme declared?** [Janata Bank Ltd. AEO (Teller): 15]

ⓚ ঢাকায় ⓚ লাহোরে
ⓖ করাচিতে ⓖ নারায়নগঞ্জে উত্তর: খ

৩. ঐতিহাসিক 'ছয় দফা' কবে ঘোষণা করা হয়? [ডাক অধিদপ্তরের উপজেলা পোস্ট মাস্টার : ১০]

ⓚ ১ ফেব্রুয়ারি ⓚ ৫ ফেব্রুয়ারি ⓖ ৭ ফেব্রুয়ারি
ⓖ ৭ মার্চ ⓤ কোনোটিই নয় উত্তর: খ

৪. 'ছয় দফা' কোন তারিখে আনুষ্ঠানিকভাবে ঘোষণা করা হয়েছিল? [পল্লী উন্নয়ন বোর্ডের মাঠ সংগঠক : ১৪/ পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী : ১০/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৮-০৯]

ⓚ ২১ ফেব্রুয়ারি, ১৯৫৪ ⓚ ২২ মার্চ, ১৯৫৮
ⓖ ২০ এপ্রিল, ১৯৬২ ⓖ ২৩ মার্চ, ১৯৬৬ উত্তর: ঘ

৫. আওয়ামী লীগের ছয় দফা কোন সালে পেশ করা হয়েছিল? [৩৬তম বিসিএস / ১৩তম বিসিএস / স্থানীয় সরকার জনস্বাস্থ্য প্রকৌশল উপসহকারী : ১৫ / কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক : ১৩ / রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (টপর) : ১১]

ⓚ ১৯৬৫ ⓚ ১৯৬৬
ⓖ ১৯৬৭ ⓖ ১৯৫৫ উত্তর: খ

৬. **Main object of 6 points programme declared in 1966 was-** [Karmasngthan Bank Assistant Officer : 00]

Or,

১৯৬৬ সালে ঘোষিত ছয়দফা কর্মসূচির মূল বক্তব্য কি ছিল? [সোনালী, জনতা, অগ্রণী এবং রূপালি ব্যাংক লি. সিনিয়র অফিসার : ৯৮]

ⓐ Separation of two wings (দুই অঞ্চলের পৃথকীকরণ)
ⓑ Autonomy of East Pakistan (পূর্বপাকিস্তানের স্বায়ত্তশাসন)
ⓒ Declaration of Independent Bangladesh (বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা)
ⓓ Creation of 6 provinces (ছয়টি প্রদেশ সৃষ্টি) **Ans. b**

৭. ছয় দফার সবচেয়ে গুরুত্বপূর্ণ তাৎপর্য হলো- [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৯-১০]

ⓚ বাঙালি জাতীয়তাবাদের ধারণার বিকাশ ⓚ অর্থনৈতিক মুক্তি আন্দোলন
ⓖ ভাষা আন্দোলনের সফল বাস্তবায়ন ⓖ শিক্ষা সংস্কার উত্তর: ক

৮. আওয়ামী লীগের ঐতিহাসিক 'ছয় দফা'-র প্রথম দফা- [প্রধানমন্ত্রীর কার্যালয়ে সহকারী পরিচালক : ১৫ / ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১০ - ১১]

ⓚ রাষ্ট্রভাষা হিসেবে বাংলা ⓚ ধর্মনিরপেক্ষতা
ⓖ স্বতন্ত্র মুদ্রা ⓖ প্রাদেশিক স্বায়ত্তশাসন উত্তর: ঘ

Download More PDF @
www.BDNiyog.com

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com



৯. **ছয়-দফা কর্মসূচি ঘোষণা করেন-** [জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা : ১২/ কুমিল্লা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৮-০৯/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৬-০৭]

ⓚ মাওলানা ভাসানী ⓚ কমরেড মুজফফর আহমদ
ⓖ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ⓖ হোসেন শহীদ সোহরাওয়ার্দী
**উত্তর: গ**

১০. **ঐতিহাসিক ৬-দফাকে কিসের সাথে তুলনা করা হয়?** [৩৭তম বিসিএস]

ⓚ বিল অব রাইটস ⓚ ম্যাগনাকার্টা
ⓖ পিটিশন অব রাইটস ⓖ মুখ্য আইন
**উত্তর: খ**

১১. **নিচের কোন কর্মসূচিকে 'ম্যাগনাকার্টা' হিসেবে গণ্য করা হয়?** [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১১]

ⓚ ১১ দফা ⓚ ২১ দফা
ⓖ ৬ দফা ⓖ ৪ দফা
**উত্তর: গ**

১২. **আগরতলা ষড়যন্ত্র মামলা দায়ের হয়-** [ইসলামী বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ০৩-০৪]

ⓚ আগরতলা ⓚ ঢাকা
ⓖ লাহোর ⓖ কোনোটিই নয়
**উত্তর: খ**

১৩. **আগরতলা ষড়যন্ত্র মামলা দায়ের করা হয় কখন?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ব ইউনিট) : ১১-১২ / রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (টগর) : ১১]

ⓚ জানুয়ারি, ১৯৬৮ ⓚ মার্চ, ১৯৬৮
ⓖ এপ্রিল, ১৯৬৮ ⓖ মে, ১৯৬৮
**উত্তর: ক**

১৪. **'আগরতলা ষড়যন্ত্র মামলার' আসামী কতজন ছিলেন?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪-১৫ / জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৯-১০]

ⓚ ৩৫ ⓚ ৩৬
ⓖ ৩৩ ⓖ ৩৪
**উত্তর: ক**

১৫. **আগরতলা ষড়যন্ত্র মামলায় কতজনের বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহিতার অভিযোগ আনা হয়?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ডালিয়া) : ১২]

ⓚ ৩৪ জন ⓚ ৪৪ জন
ⓖ ৫৪ জন ⓖ ২৪ জন
**উত্তর:**

[ব্যাখ্যা: সঠিক উত্তর নেই। আগরতলা ষড়যন্ত্র মামলায় আসামী ছিল ৩৫ জন।]

১৬. **'আগরতলা ষড়যন্ত্র মামলার' আসামীদের মধ্যে প্রথম কাকে গুলি করে মেরে ফেলা হয়?** [জাতীয় বিশ্ববিদ্যালয় (বিজ্ঞান) : ০৯-১০]
**অথবা,**
**আগরতলা ষড়যন্ত্র মামলার কোন অভিযুক্তকে জেলখানায় হত্যা করা হয়?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ১ ইউনিট) : ১৩-১৪]

ⓚ আমজাদ খাঁ ⓚ সার্জেন্ট জহুরুল হক
ⓖ মকবুল ভুঁইয়া ⓖ কৃষ্ণ দুগার
**উত্তর: খ**

১৭. **আসাদ শহীদ হন -** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (ইতিহাস) : ১৩-১৪ / প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (করতোয়া) : ১২/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (পদ্ম) : ০৯]

ⓚ ৯০ এর গণ আন্দোলনে ⓚ ৫২ এর ভাষা আন্দোলনে
ⓖ ৬২ এর শিক্ষা আন্দোলনে ⓖ ৬৯ এর গণ আন্দোলনে
**উত্তর: ঘ**

১৮. **'শহীদ আসাদ দিবস' পালিত হয় কবে?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ডেলটা) : ১৪ / খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক : ১২ / রাজশাহী বিশ্ববিদ্যালয় (ব্যবস্থাপনা) : ০৭-০৮/ জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৫-০৬]

ⓚ ১৫ জানুয়ারি ⓚ ২০ জানুয়ারি
ⓖ ২৫ জানুয়ারি ⓖ ৩০ জানুয়ারি
**উত্তর: খ**

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

১৯. **আসাদ গেট কোন স্মৃতি রক্ষার্থে নির্মিত হয়?** [সহকারী থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা : ১৫/বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড উপজেলা প্রকল্প কর্মকর্তা : ১৩/ মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অডিটর : ১১/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৯-১০]

ⓚ ১৯৫২ সালের ভাষা আন্দোলন ⓚ ১৯৬৬ সালের ছয় দফা আন্দোলন

ⓖ ১৯৭১ সালের মুক্তিযুদ্ধ ⓖ ১৯৬৯ সালের গণ-অভ্যুত্থান **উত্তর: ঘ**

২০. **আগরতলা মামলা প্রত্যাহার করা হয়-** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১১-১২ / প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক : ০৫]

ⓚ ২২ ফেব্রুয়ারি, ১৯৬৯ ⓚ ২০ মার্চ, ১৯৬৮

ⓖ ১৮ ফেব্রুয়ারি, ১৯৭০ ⓖ ৫ ডিসেম্বর, ১৯৬৮ **উত্তর: ক**

২১. **আগরতলা ষড়যন্ত্র মামলা কেন প্রত্যাহার করা হয়েছিল?** [Sonali, Janata, Agrani Bank Ltd. Senior Officer : 98]

ⓚ প্রচণ্ড গণআন্দোলনের জন্য ⓚ দয়াপরবশ হয়ে

ⓖ অভিযোগ প্রমাণিত না হওয়ায় ⓖ বিচারকের মৃত্যুর ফলে **উত্তর: ক**

২২. **'রাষ্ট্র বনাম শেখ মুজিবুর রহমান ও অন্যান্য'– এই মামলা থেকে যে তারিখে পাকিস্তানি সরকার বঙ্গবন্ধুকে মুক্তি দিতে বাধ্য হয় –** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৩ -১৪ / মেডিকেল ভর্তি পরীক্ষা : ০৯-১০]

ⓚ ২২ এপ্রিল ১৯৬৮ ⓚ ২২ জানুয়ারি ১৯৭০

ⓖ ২২ মার্চ ১৯৬৭ ⓖ ২২ ফেব্রুয়ারি ১৯৬৯ **উত্তর: ঘ**

২৩. **জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' উপাধি দেয়া হয় কবে?** [পল্লী উন্নয়ন বোর্ড - এর মাঠকর্মী : ১৪/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ১ ইউনিট) : ১৩-১৪/ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী : ১৩]

ⓚ ২৩ ফেব্রুয়ারি, ১৯৬৯ ⓚ ২৫ জানুয়ারি, ১৯৭০

ⓖ ৭ মার্চ, ১৯৭১ ⓖ ১৬ ডিসেম্বর, ১৯৭১ **উত্তর: ক**

২৪. **শেখ মুজিবুর রহমান বঙ্গবন্ধু উপাধি পান -** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১৩-১৪]

ⓚ শ্রমিক সভায় ⓚ ছাত্রসভায়

ⓖ জনসভায় ⓖ কৃষকসভায় **উত্তর: খ**

২৫. **পূর্ব পাকিস্তানে গণঅভ্যুত্থান কত সালে হয়?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (কর্ণফুলী) : ১২]

ⓚ ১৯৪৮ সালে ⓚ ১৯৫২ সালে

ⓖ ১৯৬৯ সালে ⓖ ১৯৭১ সালে **উত্তর: গ**

২৬. **'সর্বদলীয় ছাত্র সংগ্রাম পরিষদ' গণঅভ্যুত্থানে কত দফা কর্মসূচি ঘোষণা করে?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ১২-১৩ / মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০১]

ⓚ এগার দফা ⓚ একুশ দফা

ⓖ ছয় দফা ⓖ আঠার দফা **উত্তর: ক**

২৭. **এগার দফা কর্মসূচি ঘোষণা করে কে?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নাটক ও নাট্যতত্ত্ব) : ১৩-১৪]

ⓚ মুসলিম লীগ ⓚ আওয়ামী লীগ

ⓖ সর্বদলীয় ছাত্র সংগ্রাম পরিষদ ⓖ কংগ্রেস **উত্তর: গ**

২৮. **'এগার দফা' কখন ঘোষণা হয়?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ব্যবস্থাপনা বিভাগ) : ০৮-০৯]

ⓚ ১৯৬৭ ⓚ ১৯৬৮

ⓖ ১৯৬৯ ⓖ ১৯৭০ **উত্তর: গ**

২৯. **'গণ-অভ্যুত্থান দিবস' কবে পালিত হয়?** [গণপূর্ত অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী (সিভিল) : ১১ / স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কারা তত্ত্বাবধায়ক : ১০]

ⓚ ২৪ জানুয়ারি ⓚ ৭ নভেম্বর

ⓖ ৭ মার্চ ⓖ ৯ ডিসেম্বর **উত্তর: ক**

Download More PDF @
www.BDNiyog.com

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight

Scanned by CamScanner

www.bdniyog.com



## ১৯৭০ এর সাধারণ নির্বাচন (The General Election of 1970)


জেনারেল ইয়াহিয়া খান

৬৯ গণঅভ্যুত্থানের ফলে প্রেসিডেন্ট আইয়ুব খান সেনাবাহিনীর প্রধান জেনারেল আগা মুহম্মদ ইয়াহিয়া খানের নিকট ১৯৬৯ সালের ২৫ মার্চ ক্ষমতা হস্তান্তর করে রাজনীতি থেকে সরে দাড়ান। জেনারেল ইয়াহিয়া খান ২৫ মার্চ রাতে সারা দেশে দ্বিতীয় বারের মত 'মার্শাল ল' জারি করেন। জেনারেল ইয়াহিয়া খান ক্ষমতা গ্রহণের পর জনপ্রতিনিধির কাছে ক্ষমতা হস্তান্তরের প্রতিশ্রুতি দেন। পাকিস্তানের প্রথম জাতীয় পরিষদ নির্বাচন হয় ১৯৭০ সালের ৭ ডিসেম্বর। পূর্ব পাকিস্তানের প্রাদেশিক পরিষদ নির্বাচন হয় ১৯৭০ সালের ১৭ ডিসেম্বর।

একনজরে ১৯৭০ সালের পাকিস্তানের নির্বাচনের ফলাফল

| আইনসভার আসন বিন্যাস | নির্বাচিত আসন | সংরক্ষিত আসন | মোট আসন |
|---|---|---|---|
| জাতীয় পরিষদ | ৩০০ | ১৩ | ৩১৩ |
| আওয়ামী লীগের অবস্থান | ১৬০ | ৭ | ১৬৭ |
| | | | |
| পূর্ব পাকিস্তান প্রাদেশিক পরিষদ | ৩০০ | ১০ | ৩১০ |
| আওয়ামী লীগের অবস্থান | ২৮৮ | ১০ | ২৯৮ |

বি.দ্র.: জাতীয় পরিষদ নির্বাচনে আওয়ামী লীগ পশ্চিম পাকিস্তানে কোন আসন লাভ করেনি।

BCS Spotlight

## 'স্বাধীনতার ইশতাহার' ঘোষণা

একাত্তরের ১ মার্চ বঙ্গবন্ধুর নির্দেশে ছাত্রলীগ সভাপতি ও সাধারণ সম্পাদক যথাক্রমে নূরে আলম সিদ্দিকী ও শাজাহান সিরাজ এবং ডাকসুর সহ-সভাপতি ও সাধারণ সম্পাদক যথাক্রমে আ.স.ম আব্দুর রব ও আব্দুল কুদ্দুস মাখন এ চার নেতা মিলে এক বৈঠকে 'স্বাধীন বাংলা ছাত্র সংগ্রাম পরিষদ' গঠন করেন। একাত্তরের ৩ মার্চ ছাত্র সংগ্রাম পরিষদ আহূত পল্টন সমাবেশে 'স্বাধীনতার ইশতাহার' পাঠ করা হয়। এতে স্বাধীন সার্বভৌম বাংলাদেশ এবং বঙ্গবন্ধু শেখ মুজিবকে 'জাতির পিতা' ঘোষণা করা হয়।

## ৭ মার্চের ঐতিহাসিক ভাষণ (The Historic 7th March Address)

১৯৭১ সালের ৭ মার্চ রেসকোর্স ময়দানে (বর্তমান সোহরাওয়ার্দী উদ্যানে) এক বিশাল জনসভায় ভাষণ দেন। রেসকোর্সের বিশাল জনসমুদ্রে বঙ্গবন্ধু ঘোষণা করেন, 'এবারের সংগ্রাম মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম'। তিনি আরও বলেন, 'রক্ত যখন দিয়েছি, রক্ত আরও দিব, এই দেশের মানুষকে মুক্ত করে ছাড়ব ইনশাআল্লাহ।' বঙ্গবন্ধুর ৭মার্চ ভাষণের বিষয়বস্তু ছিল চারটি। যথা-

ক) চলমান সামরিক আইন প্রত্যাহার
খ) সৈন্যদের ব্যারাকে ফিরিয়ে নিয়ে যাওয়া
গ) গণহত্যার তদন্ত করা
ঘ) নির্বাচিত প্রতিনিধিদের কাছে ক্ষমতা হস্তান্তর করা।


৭ মার্চের ঐতিহাসিক ভাষণ

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

তিনি এ বক্তৃতায় ১০ লক্ষ লোকের উপস্থিতিতে 'বাংলাদেশ' শব্দ ব্যবহার করে ভবিষ্যৎ নতুন রাষ্ট্রের নামকরণ চূড়ান্ত করেন।

## অসহযোগ আন্দোলন (The Non-Cooperation Movement)

একাত্তরের ৩ মার্চ ছাত্র সংগ্রাম পরিষদ আহূত জনসভায় শেখ মুজিব জনগণকে অহিংস অসহযোগ আন্দোলনের ডাক দেন। ঐতিহাসিক ৭ মার্চের ভাষণের পর দলমত নির্বিশেষে ৮ মার্চ থেকে অসহযোগ আন্দোলন শুরু হয়।

## MCQ Solution

১. ১৯৭০ সালে পাকিস্তানের প্রথম সাধারণ নির্বাচনে কোন দল সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে? [Sonali, Janata, Agrani and Rupali Bank Ltd. Senior Officer : 98]

ক) মুসলিম লীগ খ) আওয়ামী লীগ
গ) পিপলস পার্টি ঘ) ন্যাশনাল আওয়ামী পার্টি **উত্তর: খ**

২. পূর্ব বাংলা প্রাদেশিক পরিষদে কতটি আসন ছিল? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (সুরমা) : ১২]

ক) ২৫০টি খ) ২৭৫টি
গ) ৩০০টি ঘ) ৩০৯টি **উত্তর:**

ব্যাখ্যা: পূর্ব বালা প্রাদেশিক পরিষদে নির্বাচিত ৩০০ এবং সংরক্ষিত ১০ টি আসন ছিল।

৩. ১৯৭০ সালের জাতীয় পরিষদ নির্বাচনে আওয়ামী লীগ লাভ করেছিল – [প্রধানমন্ত্রীর কার্যালয়ে সহকারী পরিচালক : ১৫ / সব-রেজিস্ট্রার : ০১]

ক) ৩৩০টি আসন খ) ১৬৭টি আসন
গ) ১৭২টি আসন ঘ) ৩০০টি আসন **উত্তর: খ**

৪. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে কবে 'জাতির জনক' ঘোষণা করা হয়? [পরিবারকল্যাণ পরিদর্শিকা নিয়োগ : ১০]

ক) ১০ জানুয়ারি, ১৯৭২ খ) ১৬ ডিসেম্বর, ১৯৭১
গ) ২৬ মার্চ, ১৯৭১ ঘ) ৩ মার্চ, ১৯৭১ **উত্তর: ঘ**

৫. ১৯৭১ সালের ৭ই মার্চ বিখ্যাত কেন? [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীনে অডিটর : ১৪]

ক) ঐতিহাসিক মুজিবনগর দিবস খ) বঙ্গবন্ধুর রেসকোর্স ময়দানের ভাষণের জন্য
গ) গণঅভ্যুত্থান দিবসের জন্য ঘ) ঐতিহাসিক ৬ দফা ঘোষণার জন্য **উত্তর: খ**

৬. ৭ই মার্চ ১৯৭১ বিখ্যাত কেন? [কুমিল্লা বিশ্ববিদ্যালয় (বিবিএ) : ০৮-০৯]

ক) শের-ই বাংলার ভাষণ খ) সোহরাওয়ার্দীর ভাষণ
গ) মওলানা ভাসানীর ভাষণ ঘ) বঙ্গবন্ধুর ভাষণ **উত্তর: ঘ**

৭. ১৯৭১ সালের ৭ই মার্চ বঙ্গবন্ধু তাঁর ঐতিহাসিক ভাষণটি দেন- [বাংলাদেশ রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী : ১৩/ পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক (কারিগরি) : ১১/ জাতীয় বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা : ১০-১১]

ক) পল্টন ময়দানে খ) মানিক মিয়া এ্যাভিনিউতে
গ) সোহরাওয়ার্দী উদ্যানে ঘ) লালদিঘী ময়দানে **উত্তর: গ**

৮. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭১ সনের ৭ই মার্চ কোথায় ঐতিহাসিক ভাষণ দেন? [পরিবার পরিকল্পনা সহকারী/পরিবার পরিকল্পনা পরিদর্শক এবং পরিবার কল্যাণ সহকারী : ১১]

ক) মানিক মিয়া এ্যাভিনিউতে খ) রেসকোর্স ময়দানে
গ) পল্টন ময়দানে **উত্তর: খ**

Download More PDF @ www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner